



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



তারিখ: ২৩ কার্তিক ১৪২৭

০৮ নভেম্বর ২০২০

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.২৭২.২০.৩৪৫

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২০-২১ মৌসুমে জেলা সংগ্রহ ও উপজেলা সংগ্রহ কমিটির সভাকরণ।

সূত্র: গত ১৫.১০.২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আমন সংগ্রহ, ২০২০ এর আওতায় গত ০৭/১১/২০২০ খ্রি: থেকে ধান সংগ্রহ শুরু হয়েছে এবং আগামী ১৫/১১/২০২০ খ্রি: থেকে সিন্দ ও আতগ চাল সংগ্রহ শুরু হবে। ধান-চাল সংগ্রহ কার্যক্রম আগামী ২৮/০১/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত চলবে।

বিগত বোরো সংগ্রহ অভিযান, ২০২০ এর অভিজ্ঞার আলোকে আমন সংগ্রহ, ২০২০-২১ সফলকরণের লক্ষ্যে সম্ভাব্য কর্মপরিকল্পনা বিষয়ে গত ১৫.১০.২০২০ খ্রি: তারিখে খাদ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার জারীকৃত কার্যবিবরণীতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

“আসন্ন আমন সংগ্রহ, ২০২০-২০২১ মৌসুমে ধান ও চালের উপজেলাওয়ারী বিভাজন প্রদানের সর্বোচ্চ ০৫ (পাঁচ) দিনের মধ্যে জেলা সংগ্রহ কমিটির সভা সম্পন্ন করতে হবে। অনুরূপভাবে জেলা সংগ্রহ কমিটির সভা সম্পন্ন হওয়ার পরবর্তী ০৩ (তিনি) দিনের মধ্যে উপজেলা সংগ্রহ কমিটির সভা সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, জেলা/উপজেলা সংগ্রহ কমিটির সভা কোন কারণে নির্ধারিত সময়ে অনুষ্ঠিত না হলে সংগ্রহের স্বার্থে সভাপতিকে অবহিত রেখে সংগ্রহ কাজ শুরু করতে হবে।

চালকল মালিকদের সাথে চুক্তি সম্পাদনের ৭২ ঘণ্টার মধ্যে বরাদ্দপত্র জারি করতে হবে। জারীকৃত বরাদ্দপত্রের অনুলিপি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর ই-মেইলে প্রেরণ করতে হবে”

এক্ষণে, উপর্যুক্ত গৃহীত সিদ্ধান্তের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১০-১১-২০২০

সারোয়ার মাহমুদ

মহাপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.২৭২.২০.৩৪৫/১(৩)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭

০৮ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যকরী প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। খাদ্যমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। নির্দেশনাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০-১১-২০২০

সারোয়ার মাহমুদ

মহাপরিচালক